

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ১৫, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক)
প্রজ্ঞাপন

তারিখ: ৩০ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ/১৫ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং-৪১৬-আইন/২০২৪/২৬৬-মুসক।—মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নে বিধৃত—

- (ক) “টেবিল-১” এর কলাম (১) এ উল্লিখিত শিরোনামা (Heading) এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহের আমদানি পর্যায়ে উহাদের উপর ৫% শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল;
- (খ) “টেবিল-২” এর কলাম (১) এ উল্লিখিত শিরোনামা (Heading) এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহের স্থানীয় উৎপাদন ও ব্যবসায়ী পর্যায়ে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল, এবং
- (গ) “টেবিল-৩” এর কলাম (১) এ উল্লিখিত শিরোনামা (Heading) এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন

(২৮৯৯৯)

মূল্য : টাকা ৪.০০

কলাম (৩) এ বর্ণিত পণ্যসমূহের আমদানি পর্যায়ে উহাদের উপর আরোপনীয় আগাম কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা :—

টেবিল-১

শিরোনামা (Heading)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S Code)	পণ্যসমূহের বিবরণ (Description)
(১)	(২)	(৩)
১৫.০৭ ১৫.১১ ১৫.১৮ ১৫.১২ ১৫.১৪	সংশ্লিষ্ট সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code)	পরিশোধিত সয়াবিন তেল, অপরিশোধিত সয়াবিন তেল, অপরিশোধিত পাম তেল, other including refined palm oil, অপরিশোধিত সানফ্লাওয়ার তেল, অপরিশোধিত ক্যানোলা তেল

টেবিল-২

শিরোনামা (Heading)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code)	পণ্যসমূহের বিবরণ (Description)
(১)	(২)	(৩)
১৫.০৭ ১৫.১১ ১৫.১৮	সংশ্লিষ্ট সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S Code)	পরিশোধিত সয়াবিন তেল ও পরিশোধিত পাম তেল

টেবিল-৩

শিরোনামা (Heading)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code)	পণ্যসমূহের বিবরণ (Description)
(১)	(২)	(৩)
১৫.১২ ১৫.১৪	সংশ্লিষ্ট সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code)	অপরিশোধিত সানফ্লাওয়ার তেল, অপরিশোধিত ক্যানোলা তেল, পরিশোধিত সানফ্লাওয়ার তেল ও পরিশোধিত ক্যানোলা তেল

২। এই প্রজ্ঞাপন ১৬ই ডিসেম্বর, ২০২৪ খ্রিঃ তারিখে কার্যকর হইবে এবং ইহা ৩১ মার্চ, ২০২৫ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd